



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

১। এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগ

গ্রন্থাগার সহকারি টাঃ-৯৭০০-২৩৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক পাসসহ গ্রন্থাগারে ডিপ্লোমা পাস হইতে হইবে। প্রার্থীর কম্পিউটারে অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	---

২। ইতিহাস বিভাগ

উচ্চমান সহকারি টাঃ-১১০০০-২৬৫৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমানের পাশ হইতে হইবে এবং অফিসের কাজে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	---

৩। প্রধান প্রকৌশলীর দপ্তর

কার্ঠমিস্ত্রী টাঃ-৯০০০-২১৮০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/স্নাতক ডিগ্রী পাশ হইতে হইবে। প্রার্থীকে সরকার অনুমোদিত কোন কারিগরী ইনস্টিটিউট হইতে ১(এক) বৎসর মেয়াদী উড ওয়ার্কিং-এ ট্রেডকোর্স পাশসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
--	-----------	---

৪। ছাত্র-শিক্ষক কেন্দ্র

টাইপিস্ট-কাম-ক্লার্ক টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে কমপক্ষে স্নাতক/সমমানের পাশ হইতে হইবে। প্রার্থীর কম্পিউটারে অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
---	-----------	---

আবেদনপত্রে কোন তথ্য গোপন থাকিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ১০-০৮-২০১৭ খ্রিষ্টাব্দ / ২৬-০৪-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র ইতিহাস বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-৩ এর আবেদনপত্র প্রধান প্রকৌশলীর অফিসে এবং ক্রমিক-৪ এর আবেদনপত্র ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক-এর অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।

স্বাক্ষর